

প্রশাসন-৪ শাখা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
ডায়েরী নং... ৫০
তারিখ... ০৬/০৬/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
সংস্থা-৩ শাখা
www.ictd.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০০০.০৫৬.৯৯.০০০১.২৩.৩৬

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৯ মে ২০২৬

বিষয়: 'Public Project Management Professional (PPMP)' বিষয়ক প্রশিক্ষণের জন্য কর্মকর্তাবৃন্দের মনোনয়ন
প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: জাতীয় সাইবার সুরক্ষা এজেন্সির স্মারক নং: ৫৬.০৫.০০০০.০০০.০০৮.২৫.০০০২.২৫.০৩; তারিখ: ০১.০৪.২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর EDGE প্রকল্পের মাধ্যমে জাতীয় সাইবার সুরক্ষা এজেন্সি কর্তৃক পরিচালিত সরকারি কর্মকর্তাবৃন্দের 'Public Project Management Professional (PPMP)' বিষয়ক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান। PPMP একটি বিশেষায়িত কোর্স, যা ICT Division, PMI Bangladesh Chapter এবং EDGE প্রকল্পের যৌথ উদ্যোগে বাস্তবায়িত হচ্ছে। সরকারি সকল বিভাগ/দপ্তর/সংস্থা হতে মনোনয়ন প্রাপ্তি সাপেক্ষে Pre-Assessment এর মাধ্যমে উক্ত প্রশিক্ষণের চূড়ান্ত প্রশিক্ষণার্থী নির্বাচন করা হবে। সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারীদের ICT Division ও PMI Bangladesh Chapter এর যৌথ উদ্যোগে সনদ প্রদান করা হবে। প্রশিক্ষণের যাবতীয় খরচ EDGE প্রকল্প হতে বহন করা হবে। Public Project Management Professional বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য আগ্রহী সকল সরকারি প্রতিষ্ঠান হতে ৯ম বা তদূর্ধ্ব পর্যায়ের ০৫ (পাঁচ) জন করে কর্মকর্তাকে নিম্নের ছক মোতাবেক মনোনয়ন প্রাপ্তি প্রয়োজন। মনোনয়ন প্রদানের তালিকা ad.traning@ncsa.gov.bd এই ই-মেইলে প্রেরণ এবং প্রয়োজনে এ বিষয়ে যেকোন তথ্যের জন্য জনাব মোঃ আতিকুর রহমান তালুকদার, সহকারী পরিচালক (প্রশিক্ষণ), জাতীয় সাইবার সুরক্ষা এজেন্সি, মোবাইলঃ ০১৭১৭১৮৪৪৪১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে:

ক্র.নং	নাম ও চাকুরি আইডি নম্বর (প্রয়োজ্য ক্ষেত্রে)	পদবি	সর্বোচ্চ ডিগ্রী ও বিষয়	মোবাইল	ই-মেইল

০২। এমতাবস্থায়, Public Project Management Professional বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য উপরোক্ত ছক মোতাবেক কর্মকর্তা মনোনয়নপূর্বক তালিকা ad.traning@ncsa.gov.bd এর ই-মেইলে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সূত্রস্থপত্র

সংযুক্তি:

(১) সূত্রস্থপত্র



১৯-০৫-২০২৬

সৈয়দা শমসাদ বেগম
সিনিয়র সহকারী সচিব

ফোন : ০২৪১০২৪২৪১

ইমেইল : os3.sec@ictd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব/সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ)।
- ২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/এজেন্সি/কোম্পানি প্রধান (সকল)।

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০০০.০৫৬.৯৯.০০০১.২৩.৩৬/১ (৪)

তারিখ: ৫ জ্যেষ্ঠ ১৪৩৩
১৯ মে ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, অর্গানাইজেশনাল সাপোর্ট অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ২। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, জাতীয় সাইবার সুরক্ষা এজেন্সি।
- ৩। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), অর্গানাইজেশনাল সাপোর্ট অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ৪। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।



১৯-০৫-২০২৬

সৈয়দা শমসাদ বেগম
সিনিয়র সহকারী সচিব